দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV 05 2001 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ...

# বিবিটিটি'র মোবাইল চালু হচ্ছে এ মাসেই
## কলচার্জ নেয়া হবে তিন মিনিটে দু'টাকা

**এম, আবদুল্লাহ** ॥ চলতি নভেম্বর মাসেই বিবিটিটি'র মোবাইল টেলিফোন চালু হচ্ছে। মধ্য নভেম্বরে বহুল প্রত্যাশিত টিএন্ডটি'র এই মোবাইল সার্ভিস উদ্বোধনের কথা রয়েছে। প্রাথমিকভাবে দশ হাজার টেলিফোন ছাড়া হচ্ছে। সূচনায় কাভারেজ এলাকা হচ্ছে মতিঝিল ও পুরাতন ঢাকা এলাকা। এক বছরের মধ্যে পুরো রাজধানী সংযোগ দেয়া হবে। তারপর টিএন্ডটি'র অনুমোদনসাপেক্ষে পর্যায়ক্রমে সারাদেশে এই সাশ্রয়ী মোবাইল সার্ভিস চালুর পরিকল্পনা রয়েছে।

বিবিটিটি কোম্পানীর একটি সূত্র গতকাল ইনকিলাবকে জানায়, শতকরা ৫১ ভাগ টিএন্ডটির এবং ৪৯ ভাগ প্রাইভেট কোম্পানীর অংশীদারিত্বে পিএইচএস (পারসোনাল হ্যান্ডিফোন সিস্টেম)

**মোবাইল ফোন** প্রথম পৃষ্ঠার পর

প্রযুক্তির এই মোবাইলে প্রথম তিন মিনিটের এক কলের জন্য চার্জ নেয়া হবে দুই টাকা। পরবর্তী প্রতি মিনিট পঞ্চাশ পয়সা হারে চার্জ দিতে হবে। টিএন্ডটির ল্যান্ড ফোন থেকে ইনকামিং ও আউট গোয়িং সুবিধাসহ এ মোবাইলে কোন ইনকামিং চার্জ থাকছে না। হ্যান্ডসেটসহ সংযোগ ফি এখনও চূড়ান্ত না হলেও জানা গেছে, ১০ থেকে ১২ হাজার টাকা নির্ধারণ করা হতে পারে। বিবিটিটির এই মোবাইলে ইন্টারনেট ব্যবহার করা যাবে। সংশ্লিষ্ট সূত্র জানায়, বিগত ২০০০ সালে টিএন্ডটির সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী আপাতত কেবল রাজধানী ঢাকায় দুই লাখ সংযোগ দেয়া হবে। এই মোবাইল সার্ভিস থেকে আদায়কৃত রাজস্বের ৫১ শতাংশ পাবে টিএন্ডটি এবং ৪৯ শতাংশ নেবে প্রাইভেট কোম্পানী বিবিটিটি। তবে টিএন্ডটি এই প্রকল্পে কোন আর্থিক বিনিয়োগ করবে না।

সূত্র জানায়, রমজান মাসের আগেই এই নতুন প্রযুক্তির মোবাইল আনুষ্ঠানিক উদ্বোধনের জন্য বিবিটিটি র কারিগরি বিশেষজ্ঞগণ দিনরাত কাজ করে যাচ্ছেন। শুরুতে মতিঝিল ও সূত্রাপুর থানায় ৫ বর্গকিলোমিটার এলাকা নিয়ে যাত্রা করবে জাপানী প্রযুক্তির এই হ্যান্ডিফোন। সূত্র জানায়, টিএন্ডটি মন্ত্রণালয় এখনও পর্যন্ত বিবিটিটিকে মোবাইল সংযোগের আবেদনপত্র বিতরণের অনুমতি দেয়নি। অনুমতি পেলেই পত্রিকায় ঘোষণা দিয়ে ফরম বিতরণ শুরু হবে।